ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৯৫</u>

শান্তিরবাজার, ২৩ এপ্রিল, ২০২৫

**বকাফা কৃষি মহকুমার কৃষি যন্ত্রপাতি বিতরণ**

সাবমিশন অন এগ্রিকালচারাল মেকানাইজেশন প্রকল্পে গত অর্থবর্ষে বকাফা কৃষি মহকুমার কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি দেওয়া হয়েছে। ৭০ জন কৃষকের মধ্যে ব্যাটারি চালিত স্প্রে মেশিন দেওয়া হয়েছে। প্রতিটির মূল্য ৪ হাজার টাকা। ৫১ জন কৃষককে দেওয়া হয়েছে মিনি ট্রাক্টর। প্রত্যেকটির দাম ৭৫ হাজার টাকা। ৪ জন কৃষককে দেওয়া হয়েছে ব্রাশ কাটার। প্রত্যেকটির মূল্য ২৫ হাজার টাকা। এছাড়াও ৩৮ জন কৃষককে ১ লক্ষ টাকা করে ভর্তুকীতে পাওয়ারটিলার দেওয়া হয়েছে। এ সকল কৃষি যন্ত্রপাতির জন্য রাজ্য সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের ৪৯ লক্ষ ৫৩ হাজার টাকা ব্যয় হয়েছে। বকাফা কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক রাজীব সেন এই তথ্য জানান।

******